

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১০৯/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ২৯ ফেব্রুয়ারি, বৃহস্পতিবার ২০২৪, ১৬ ফাল্গুন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। রোজায় দ্রব্যমূল্য স্বাভাবিক রাখার কার্যক্রম অব্যাহত আছে
- ০২। ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষ্যে প্রার্থীগণের সাথে ইসি কমিশনারের মতবিনিময়
- ০৩। ময়মনসিংহ বিভাগে মাদক ও চোরাচালান রোধে টাস্কফোর্স কমিটির ২২ অভিযান
- ০৪। ময়মনসিংহের ভালুকায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে শিক্ষক-শিক্ষার্থীদের বিক্ষোভ

০১। রোজায় দ্রব্যমূল্য স্বাভাবিক রাখার কার্যক্রম অব্যাহত আছে

বিশ্ব বাজারের কারণে দেশে আমদানিজনিত মুদ্রাস্ফীতির চাপ অনুভূত হচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তবে রোজা উপলক্ষ্যে সরকার নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের মূল্য স্বাভাবিক রাখতে সকল প্রকার কার্যক্রম অব্যাহত রেখেছে বলে জানান তিনি। বুধবার (২৮ ফেব্রুয়ারি) জাতীয় সংসদে আওয়ামী লীগের সদস্য আলী আজমের এক প্রশ্নের লিখিত উত্তরে প্রধানমন্ত্রী একথা জানান। প্রধানমন্ত্রী এসময় বর্তমান সরকার জনগণের সরকার উল্লেখ করে জনগণের কষ্ট লাঘবে সরকার সব সময় সচেষ্ট বলেও জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সবুজ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০২। ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষ্যে প্রার্থীগণের সাথে ইসি কমিশনারের মতবিনিময়

আসন্ন ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষ্যে প্রার্থীগণের সাথে নির্বাচন কমিশনার মো. আলমগীরের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৮ ফেব্রুয়ারি) দুপুরে রিটার্নিং অফিসার, ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন এর আয়োজনে নগরীর তারেক স্মৃতি অডিটরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত সকল মেয়র, কাউন্সিলর প্রার্থীগণ আসন্ন নির্বাচন সামনে রেখে বিভিন্ন মতামত প্রকাশ করেন। প্রার্থীদের মতামতের পরিপ্রেক্ষিতে ইসি কমিশনার জানান, ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনে কমিশন ইভিএম ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছে। ইভিএম-এর মাধ্যমে ভোট প্রদান সহজ ও নির্ভরযোগ্য। এই মেশিনের মাধ্যমে জাল ভোট দেয়া সম্ভব নয় এবং একই সাথে কোনোভাবে একজনের ভোট অন্যজনের পক্ষে যাওয়া সম্ভব নয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

০৩। ময়মনসিংহ বিভাগে মাদক ও চোরাচালান রোধে টাস্কফোর্স কমিটির ২২ অভিযান

ময়মনসিংহ বিভাগীয় চোরাচালান নিরোধ আঞ্চলিক টাস্কফোর্স কমিটি জানুয়ারি মাসে ২২টি অভিযান পরিচালনা করে। টাস্কফোর্স ব্যতীত বিভিন্ন বাহিনী কর্তৃক মাদক ও চোরাচালান প্রতিরোধে জানুয়ারিতে মোট ৭৬৫২টি অভিযান পরিচালিত হয়েছে। এর মধ্যে পুলিশ বাহিনী কর্তৃক ১৫১৫টি, বিজিবি কর্তৃক ৫৮৬৯টি, রেব কর্তৃক ৯টি এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ২৫৯টি অভিযান পরিচালিত হয়। টাস্কফোর্স কমিটির ফেব্রুয়ারি মাসের সভাসূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৪। ময়মনসিংহের ভালুকায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে শিক্ষক-শিক্ষার্থীদের বিক্ষোভ

ময়মনসিংহের ভালুকায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে ক্লাস বর্জন করে বিক্ষোভ করেছেন শিক্ষক ও শিক্ষার্থীরা। বুধবার (২৮ ফেব্রুয়ারি) সকালে উপজেলার ভরাডোবা উচ্চ বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। ক্লাস ছেড়ে মাঠে নেমে আসা উপজেলার ভরাডোবা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা প্রধান শিক্ষকের বিরুদ্ধে নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ এনে তার অপসারণ দাবি করে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক সবুজ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন:** আসন্ন পবিত্র রমজান মাসে পণ্যের দাম স্বাভাবিক রাখতে নানা উদ্যোগ নিচ্ছে সরকার। তবুও দিন দিন লাফিয়ে বাড়ছে নিত্যপণ্যের দাম। সমস্যা সমাধানে কর্তৃপক্ষ নানা আশ্বাস দিয়েছে; বেশ কিছু পদক্ষেপও নেয়া হয়েছে। তারপরেও পণ্যের দাম কমছে না; উল্টো বাড়ছে। নিত্যপণ্যের বাজার নিয়ন্ত্রণে জটিলতা বাড়ছে। কাজেই এসব সমস্যার সমাধানে বাস্তবসম্মত পদক্ষেপ নিতে হবে। বাজার তদারকি সংস্থার অসাধু কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে অসাধু ব্যবসায়ীদের আঁতাতের বিষয়টিও খতিয়ে দেখে নিতে হবে কার্যকর পদক্ষেপ।
- (খ) **দৈনিক আজকের ময়মনসিংহ:** এবছর এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে প্রথম দিনে অনুপস্থিত ছিল ১৯ হাজার ৩৫৯ জন পরীক্ষার্থী। তৃতীয় দিন অনুপস্থিত ছিল ২১ হাজার ৬২৩ জন পরীক্ষার্থী। প্রতিবছর হাজার হাজার শিক্ষার্থী চূড়ান্ত পর্যায়ে এসে অনুপস্থিত থাকছে। এর পেছনে অন্যতম কারণ অভিভাবকদের অসচেতনতা এবং অর্থনৈতিক অসচ্ছলতা। সময়মতো মনিটরিং ও পরিচর্যার অভাব রয়েছে শিক্ষা প্রতিষ্ঠানগুলোরও। শিক্ষা প্রতিষ্ঠানগুলো যদি ধারাবাহিকভাবে অভিভাবকদের সাথে যোগাযোগ রাখে তাহলে এই সমস্যা অনেকটা দূর করা সম্ভব।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** দেশের দরিদ্রশ্রেণি যেন যথাযথ চিকিৎসাসেবা পায়, সে দিকটি নিশ্চিত করতে হবে। দেশের সব লাইসেন্সবিহীন হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনোস্টিক সেন্টার বন্ধ করতে হবে। প্রয়োজনে আইনানুগ কঠোর ব্যবস্থা নিতে হবে। যাবতীয় দুর্নীতি, অনিয়মের বিরুদ্ধে গ্রহণ করতে হবে জিরো টলারেন্স।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। যুদ্ধ: মশায় মানুষে- মীর আবদুল আলীম (দৈনিক সবুজ)
- ০২। কন্যা শিশুর সুরক্ষা নিশ্চিত হোক- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক স্বজন)

#